

জাত পরিচিতি

ব্রি ধান ৪৪ একটি আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০০৫ সালে এ জাতটি উদ্ভাবন করে। এ ধান দক্ষিণ অঞ্চলের কৃষকদের কাছে জনপ্রিয়। বিআর ১১-এর মতই এ ধান আভাবিক রোপা আমনে চাষ করা যায় তবে অনন্যাক জোয়ার-ভাটা এলাকায় যেখানে ৫০-৬০ সেক্টিমিটার পর্যন্ত জোয়ারের পানি আসে সেখানে চাষ উপযোগী।



ব্রি ধান ৪৪

জাতের বৈশিষ্ট্য

- ▶ এ ধানের গাছ ১২৫-১৩০ সেক্টিমিটার উঁচু হয়।
- ▶ গাছ ছেনে পড়ে না।
- ▶ ধান মোটা ও উজ্জ্বল সোনালী বর্ণের।
- ▶ এ ধানের চান মোটা।

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান ৪৪ যদিও দেশের বিভিন্ন অঞ্চলে চাষযোগ্য তবুও বাংলাদেশের দক্ষিণাঞ্চলের অনন্যাক জোয়ার-ভাটা কবলিত এলাকায় জন্য বিশেষভাবে উপযোগী। ফলন স্থানীয় জাত মৌনতার চেয়ে প্রায় দ্বিগুণ বেশী এবং এ অঞ্চলে বিআর ১১ ও ব্রি ধান ৩১-এর চেয়ে হেক্টর প্রতি ১ টন বেশী। জাতটি বিআর ১১-এর চাইতে ১০-১৫ সেক্টিমিটার নম্বা হওয়া সত্ত্বেও কণ্ড শক্ত থাকায় সহজে ছেনে পড়ে না। চান মোটা হওয়ার সাধারণ কৃষকের কাছে বেশ প্রিয়।

জীবনকাল

এর জীবনকাল প্রায় ১৪৫ দিন।

ফলন

হেক্টর প্রতি ফলন প্রায় ৬.৫ টন।

কৃষকের পর্যবেক্ষণ : ব্রি ধান ৪৪-এর গাছ জোয়ারের পানি বুর্কির সাথে সাথে বুর্কি পায়। এতে ইউরিয়া সারের প্রয়োজনও কম।

চাষাবাদ পদ্ধতি

১. বীজতসায় বীজ বপন : ১০-৩০ অসাত (২৫ জুন-১৫ জুলাই)
২. চারার বয়স : ৩৫-৪০ দিন।
৩. রোপণ সময় : ১ প্রবণ-১৫ জুন (জুলাই থেকে নব্বা অগস্ট)।
৪. রোপণ দূরত্ব : ২০ X ১৫ (সেক্টিমিটার)।
৫. সার ব্যবস্থাপনা (কেডি/বিঘা) :

৫.১ ইউরিয়া টিএসপি	এমপি	ডিপসাম	জিঙ্ক
২০	১২	৯	৮
			১.৫

- ৫.২ ইউরিয়া ছাড়া অন্যান্য সব সার জমি তৈরির শেষ পর্যায়ে প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমান তিন কিলিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৫৫ দিন পর প্রয়োগ করতে হবে।
- ৫.৩ ইউরিয়া উপরি প্রয়োগ করা না গেলে জট ইউরিয়া ব্যবহার করা যেতে পারে। তবে এ নসিসি ব্যবহার করে ইউরিয়া প্রয়োগ করা উচ্চম।
৬. আগাছা দমন : রোপণের পর ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে ছেনে দু'বার আগাছা নিচানোর প্রয়োজন।
৭. সেচ ব্যবস্থাপনা : রোপা আমন হিসেবে চাষ করলে সেচ অত্যাবশ্যক নয়। কিন্তু উঁচু জমিতে চাষ করলে কাইচ খোর আসার সময় একটি সেচের দরকার হয়।
৮. রোপ বাগাই দমন : ব্রি ধান ৪৪ কিছুটা হুংরো রোপ প্রতিরোধী। অনুমোদিত দমন ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
৯. ফসল কাটা : ১৫-২৫ অপ্রাচারণ (৩০ নভেম্বর-১০ ডিসেম্বর)।

ফ্যাট শীটঃ আমন ধানের জাত

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট



আরো তথ্যের জন্য :
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@bri.gov.bd

অধিবেশন নং: মডিউল ২
ফ্যাট শীট ৪৬